**পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর**
**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।**

তারিখ: ১৪/০৯/২০২৬

বাংলাদেশ পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের সদস্য (সচিব) জনাব নাসরীন জাহান মহোদয়ের সভাপতিত্বে গত ১৯/০৭/২০২৬ তারিখে আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের সভাকক্ষে "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের Common Good প্রতিষ্ঠাকরণ" শীর্ষক প্রকল্প প্রস্তাব (ডিপিপি) এর উপর এক প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়, উপ-উপাচার্য (প্রশাসন) মহোদয়, বিভিন্ন মন্ত্রণালয় এবং এজেন্সীর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। সভার সিদ্ধান্ত ক্রমিক ৩.১ অনুসারে আলোচ্য প্রকল্পের শিরোনাম "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের Common Good প্রতিষ্ঠাকরণ" এর পরিবর্তে "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী কমপ্লেক্স নির্মাণ" রূপে নির্ধারণের সিদ্ধান্ত হয়।

এছাড়া, উক্ত সভার সিদ্ধান্ত ক্রমিক ৩.২৮ অনুযায়ী আলোচ্য উন্নয়ন প্রকল্প গ্রহণ ও প্রণয়নের বিষয়ে জনসম্পৃক্ততা নিশ্চিতকরণে প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ) এর ওয়েব সাইটে প্রকাশ করত: মতামতের আলোকে ডিপিপি পুনর্গঠন করতে বলা হয়।

এমতাবস্থায়, বর্ণিত প্রকল্পটি অনুমোদনের স্বার্থে প্রকল্পের পক্ষে আগামী ২০/০৯/২০২৬ তারিখের মধ্যে শিক্ষামন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৬ তারিখের ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০৫.২৫-১৫৩ সংখ্যক পত্রের ক্রমিক ০২ এ বর্ণিত ই-মেইলে (planning.sec5@moedu.gov.bd) ই-মেইলে ইতিবাচক মতামত প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
পরিচালক (ভারপ্রাপ্ত)
পরিকল্পনা ও উন্নয়ন
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নং: ১৯৭(১৭)/৪-১/২০২৬ তারিখ : ১৪/০৯/২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :**

০১-০৯। ডিন, সকল অনুষদ, চ.বি.
বিষয়টি অনুষদভূক্ত বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্রে নিয়োজিত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/ শিক্ষার্থীদের মাঝে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
১০। রেজিস্ট্রার, চ.বি.।
১১। পরিচালক, আইসিটি সেল, চ.বি.। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
১২। হিসাব নিয়ামক, চ.বি.।
১৩। প্রধান প্রকৌশলী, চ.বি.।
১৪। ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফী শাখা, চ.বি.।
১৫। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ.বি.।
১৬। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চ.বি.।
১৭। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চ.বি.।

পরিচালক (ভারপ্রাপ্ত)
পরিকল্পনা ও উন্নয়ন
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
**পরিকল্পনা-৫**

নম্বর- ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০৫.২৫-১৫৩ | তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ৩১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে 'Common Good' প্রতিষ্ঠাকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং জনমত যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-১৭২/পওউ/৪-১/২০২৬; তারিখ: ১৯/০৮/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তাবিত "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে 'Common Good' প্রতিষ্ঠাকরণ" শীর্ষক বিনিয়োগ প্রকল্পের বিষয়ে গত ১৯/০৭/২০২৬ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্যদের মতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

"৩.২৮। পরিকল্পনা বিভাগ কর্তৃক ৩০ অক্টোবর ২০২৪ এ জারিকৃত ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩ (অংশ-৩)/১৭৯ নং পরিপত্রের আলোকে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও প্রণয়ন বিষয়ে জনসম্পৃক্ততা নিশ্চিতকরণে প্রকল্পের ডিপিপি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে প্রকাশকরত: প্রাপ্ত মতামতের আলোকে ডিপিপি পুনর্গঠন করতে হবে"।

০২। বর্ণিতাবস্থায়, পিইসি সভার সিদ্ধান্তের আলোকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তাবিত "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে 'Common Good' প্রতিষ্ঠাকরণ" শীর্ষক প্রকল্পের বিষয়ে আগামী ২০/০৯/২০২৬ তারিখের মধ্যে এই ই-মেইলে (planning.sec5@moedu.gov.bd) মতামত প্রেরণ করার জন্য জনসাধারণ-কে বলা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৩১/০৮/২০২৬
এস, এম, ইমরুল হাসান
যুগ্মসচিব
ফোন: ৪১০৫৩৮০৪
ই-মেইল: planning.sec5@moedu.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৩. অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। {ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ}